

তারিখ: ০৪/০১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি (পুনঃ সংশোধিত)


রাজশাহী সরকারি কলেজের সকল পর্যায়ের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১১/০১/২০২৬ খ্রি. ও ১২/০১/২০২৬ খ্রি. রবিবার ও সোমবার কলেজের মূল ভবনের ১২০৬ ও ১২০৭ নং কক্ষে 'বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা'-২০২৬ অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত নিয়মাবলি অনুযায়ী আগামী ০৮ জানুয়ারি ২০২৬ খ্রি. বৃহস্পতিবার দুপুর ১:০০ টার মধ্যে প্রশাসনিক ভবনের নীচতলায় রক্ষিত বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬ নামাঙ্কিত নির্ধারিত বাস্তব নাম (প্রয়োজনীয় কাগজপত্রসহ) জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। Google Form-এ নাম জমা দেয়া যাবে- লিংক: <https://forms.gle/qwuUxaQ97Z43urdi7>
উল্লেখ্য, একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।

প্রতিযোগিতার ইভেন্টসমূহ:

ইভেন্ট	তারিখ	কক্ষ নম্বর	ইভেন্ট	তারিখ	কক্ষ নম্বর
১. বাংলা কবিতা আবৃত্তি: ফররুখ আহমেদ রচিত 'পাঞ্জেরী'	১১/০১/২০২৬ খ্রি. রবিবার	মূল ভবনের ১২০৬ সময়: সকাল ৯:৩০ টা	১. ক্বিরাত	১১/০১/২০২৬ খ্রি. রবিবার	মূল ভবনের ১২০৭ সময়: সকাল ৯:৩০ টা
২. উপস্থিত বক্তৃতা (ইংরেজি) একক			২. হামদ		
৩. উপস্থিত বক্তৃতা (বাংলা) একক			৩. নাতে রসুল		
৪. নির্ধারিত বক্তৃতা (বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য/বাংলাদেশের উন্নয়ন ভাবনা/শিক্ষা)			৪. অভিনয় (একক)		
৫. জারীগান (দলীয়-অনধিক ৫ জন)					
১. লোকগীতি (পল্লীগীতি/আঞ্চলিক)	১২/০১/২০২৬ খ্রি. সোমবার	মূল ভবনের ১২০৭ সময়: সকাল ৯:৩০ টা	১. দেশাত্মবোধক গান	১২/০১/২০২৬ খ্রি. সোমবার	মূল ভবনের ১২০৬ সময়: সকাল ৯:৩০ টা
২. নৃত্য (উচ্চাঙ্গ) একক			২. রবীন্দ্র সংগীত		
৩. লোক নৃত্য (একক)			৩. নজরুল সংগীত		
			৪. উচ্চাঙ্গ সংগীত		

নিয়মাবলী:

- ১। A4 সাইজের সাদা কাগজে ইভেন্টের নাম, প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে;
- ২। কলেজ কর্তৃক ইস্যুকৃত শিক্ষার্থীর পরিচয়পত্র অথবা কলেজে সর্বশেষ শ্রেণিতে ভর্তি রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে;
- ৩। অসম্পূর্ণ তথ্য জমাদানকারী প্রার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবে।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)
অধ্যক্ষ
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা


আহ্বায়ক
বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬ কমিটি
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী;
- ৩। বিভাগীয় প্রধান,(সকল বিভাগ), রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী। তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।